# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

১. ► জগৎ জুড়িয়া এক জাতি আছে
সে জাতির নাম মানুষ জাতি;
এক পৃথিবীর স্তন্যে লালিত
একই রবি শশী মোদের সাথী।
বাহিরের ছোপ আঁচড়ে সে লোপ
ভিতরের রং পলকে ফোটে
বামুন, শূদ্র- বৃহৎ, ক্ষুদ্র
কৃত্রিম ভেদ ধুলায় লোটে। [সূত্র: মানুষ জাতি— সত্যেন্দ্রনাথ দত্ত]

ক. কাঙালীর মা অন্ত্যেষ্টিক্রিয়ার কাছে যেতে পারেনি কেন? ১

খ. স্বামী ছেড়ে যাবার পরও অভাগী কেন পুনরায় বিয়ে করেনি? ২

গ. উদ্দীপকের বক্তব্যের সঙ্গে 'অভাগীর স্বর্গ' গল্পের সমাজ-ভাবনার পার্থক্য কোথায়? ব্যাখ্যা করো। অ ৩

ঘ. উদ্দীপকের বক্তব্যের বিষয় যদি 'অভাগীর স্বর্গ' গল্পের সমাজ-ভাবনা হতো তাহলে কি কাঙালী তার মায়ের স্বপ্ন পূরণ করতে পারত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। অ ৪

২. ► রোদে পুড়ে বৃষ্টিতে ভিজে আমাদের মুখে অন্ন তুলে দেওয়ার জন্য যারা পরিশ্রম করছে সেই কৃষকদের কথা আমরা ভাবি না কখনো। তাদের দুঃখ-কষ্ট লাঘব দূরের কথা ফসলের ন্যায্যমূল্য দিতেও আমরা চাই না। তবুও কৃষক মুখে হাসি নিয়েই কাজ করে চলে আমাদের অন্নের জোগান দিতে।

ক. নিমগাছ বাড়ির পাশে গজালে কারা খুশি হন? ১

খ. চর্মরোগের অব্যর্থ মহৌষধ বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে নিমগাছের কোন দিকটির কথা বর্ণনা করা হয়েছে— আলোচনা করো। ৩

ঘ. 'নিমগাছ' গল্পের মূলভাব যেন উদ্দীপকে মূর্ত হয়ে উঠেছে। ব্যাখ্যা করো। ৪

৩. ► জাহিদা ও আরিফা দুজনেই হাসপাতালের সেবিকা। জাহিদা ছেটবেলার স্বপ্নকে বাস্তবায়িত করার জন্য তার অর্জিত আয়ের কিছু টাকা দিয়ে প্রতিবন্ধী শিশুদের জন্য একটি চিকিৎসা সেবাকেন্দ্র স্থাপন করেন। অন্যদিকে আরিফা অনেক ধনী হবার স্বপ্ন দেখে এবং হাসপাতালের রোগীদের জন্য বরাদ্দকৃত চিকিৎসার ঔষধ বাইরে বিক্রি করে অর্থ আত্মসাৎ করে।

ক. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্গত? ১

খ. 'অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি'— বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকের জাহিদা চরিত্রে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে আরিফার মানসিক পরিবর্তনের 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে লেখক কী পরামর্শ দিয়েছেন আলোচনা করো। ৪

https://teachingbd24.com

৪.▶ অনিক গতকাল রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতাটি পাঠ করে। কবিতাটি আকারে বড় নয়। রবীন্দ্রনাথ ঠাকুর এ কবিতায় সাহিত্য সৃষ্টিতে তাঁর অপূর্ণতার কথা স্বীকার করেছেন। দারুণ অনুভূতির প্রকাশ আছে কবিতাটিতে।

ক. কে বাংলা ভাষায় মহাকাব্যের চূড়ান্ত সফল রূপ প্রকাশ করেছেন? ১

খ. 'যা নেই ভারতে তা নেই ভারতে।'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. অনিক যে কবিতাটি পড়েছে তা কোন শ্রেণির কবিতা? — আলোচনা করো। ৩

ঘ. অনিক যে শ্রেণির কবিতা পড়েছে তার সঙ্গে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে মহাকাব্যের পার্থক্য দেখাও। ৪

## খ অংশ — পদ্য

৫.▶ রাসেল ও সোহেল দুই বন্ধু বিশ্ববিদ্যালয়ে পড়ে। রাসেল বাংলাকে খুব ভালোবাসে এবং বাঙালির ঐতিহ্যকে ধরে রাখার চেষ্টা করে। অন্যদিকে সোহেলের বাংলা ভাষা ও বাঙালি সংস্কৃতি তেমন পছন্দ নয়। উপরন্তু ইংরেজি জানা নিয়ে সে গর্ব করে। এতে রাসেল ক্ষুব্ধ হয়ে বলে, আমরা বাঙালি, বাংলা ভাষা আমাদের অহংকার।

ক. আবদুল হাকিম কোন যুগের অন্যতম প্রধান কবি? ১

খ. মারফত জ্ঞানহীনরা হিন্দুর অক্ষর হিংসা করে কেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে 'বঙ্গবাণী' কবিতার প্রেক্ষাপটগত সাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. "রাসেলের উক্তিটি 'বঙ্গবাণী' কবিতার কবির মনোভাবের ধারক"— মন্তব্যটির যথার্থতা বিচার করো। ৪

৬.▶ আনন্দ জীবনীশক্তির প্রবলতারই প্রকাশ। সব মানুষই জীবনের এই আনন্দকে পাওয়ার জন্য কত রকম চেষ্টা করে যাচ্ছে। আনন্দকে আমরা বুঝি রূপ-রস-শব্দ-স্পর্শ-গন্ধ ইত্যাদির সাহায্যে, ইন্দ্রিয় সকলের সাহায্যে। মানুষ যখন আনন্দ পায় তখন সে তার মনকে প্রকাশ করতে চায় নানারূপে। তাই সৃষ্টি হলো চিত্রশিল্পী, নৃত্যশিল্পী, সংগীতশিল্পী, কবি, সাহিত্যিক।

ক. কবির কল্পনা অনুযায়ী কোন পাখি চাঁদের আলো পান করে? ১

খ. 'বিজন দেশে, কূজন নাই'— পঙ্‌ক্তিটি দ্বারা কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকটির সাথে 'ঝর্ণার গান' কবিতার ভাবার্থের সাদৃশ্য বুঝিয়ে লেখো। ৩

ঘ. "উদ্দীপকের প্রেক্ষিতে বলা যায়, 'ঝর্ণার গান' কবিতার কবির নিজস্ব সৌন্দর্যসচেতন মানসিকতাই ঝর্ণার রূপকে ফুটে উঠেছে"— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৭.▶ বাংলাদেশের একজন বিখ্যাত চিত্রশিল্পীর নাম জয়নুল আবেদিন। এই মহান শিল্পী বাংলাদেশের বিভিন্ন সংগ্রাম, আন্দোলন ইত্যাদি অনুষঙ্গ নিয়ে ছবি এঁকেছেন। এসকল ছবিতে স্থান পেয়েছে শোষণ, বঞ্চনা ও দুর্ভিক্ষের চিত্র। তাঁর এই চিত্রের মাধ্যমে ফুটে উঠেছে স্বৈরাচারের বিরুদ্ধে প্রতিবাদী মানসিকতা। আমরা এই মহান শিল্পীর কাছে চিরকাল ঋণী।

ক. কবি কোন যুগের চিত্রকলা থেকে আসার কথা বলেছেন? ১

খ. 'একসাথে আছি, একসাথে বাঁচি' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের কোন দিকটি 'আমার পরিচয়' কবিতায় ফুটে উঠেছে? বর্ণনা করো। ৩

ঘ. "উদ্দীপকটি 'আমার পরিচয়' কবিতার খণ্ডিত রূপায়ণ মাত্র"— বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

## গ অংশ — উপন্যাস

৮.▶ কিসে কী হইল, পশ্চিম হতে নর-খাদকেরা আসি
সারা গাঁও ভরি আগুন জ্বালায়ে হাসিল অট্টহাসি।
মার কোল হতে শিশুরে কাড়িয়ে কাটিল যে খান খান
পিতার সামনে মেয়েরে কাটিয়ে করিল রক্ত স্নান।

ক. বুধাকে মানিকরতন বলে ডাকত কে? ১

খ. 'মরণের কথা মনে করলে যুদ্ধ করা যায় না'-কুন্তি বুধাকে এ কথা বলেছিল কেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্র অংশ প্রকাশ করে না।"- প্রমাণ করো। ৪

৯.▶ পাড়াগাঁয়ের এতিম বালক টিপু। ছোট বেলায় বাবা-মাকে হারানোর পর পাড়ার মানুষের কাছেই সে বড় হয়েছে। গ্রামের সকলের প্রিয় টিপু তাই যেকোনো মানুষের বিপদে, যেকোনো কাজে অগ্রগামী। লেখাপড়া খুব বেশি না শিখলেও মানুষকে ভালোবাসা, শ্রদ্ধা করা ও ভালোবাসা নেয়ার গুণগুলি তার চরিত্রে প্রবল।

ক. 'কাবার' অর্থ কী? ১

খ. 'নিজের বোঝা নিজেই বইব'— কে, কাকে, কেন বলেছিল? ২

গ. উদ্দীপকের টিপু চরিত্রের সাথে বুধা চরিত্রের সাদৃশ্য বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দিকটিই 'কাকতাড়ুয়া' উপন্যাসের একমাত্র দিক নয় — তোমার মতামত দাও। ৪

## ঘ অংশ — নাটক

১০.▶ গরিব কৃষক রহমত আলি মূলত বর্গা চাষি। মহাজনের কাছ থেকে ঋণ নিয়ে সে ফসল ফলায়। কিন্তু ফসল ভালো না হওয়ায় সুদে সে ঋণের পরিমাণ বাড়তে থাকে। সময়ের দীর্ঘসূত্রিতায় টাকার পরিমাণ দ্বিগুণ হয়ে যায় যা তার পক্ষে পূরণ করা অসম্ভব হয়ে উঠে। বাধ্য হয়ে মহাজন তার বিষয় সম্পত্তি নিলামে তোলার সিদ্ধান্ত নেয়। কোনো উপায় না দেখে রহমত আলি গ্রামের মুরুব্বিদের তার সমস্যার কথা খুলে বলে। সকলের অনুরোধে মহাজন রহমত আলির ঋণের সুদের টাকা মাফ করে দেন।

ক. চাকরটি তাহেরাকে কোথায় দেখতে পায়? ১

খ. নাটকের নাম 'বহিপীর' কেন? ২

গ. উদ্দীপকের রহমত 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধি? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের চেতনা ও 'বহিপীর' নাটকের চেতনা পরস্পর বিপরীতধর্মী"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

১১.▶ উত্থান-পতন জগতের নিয়ম। মুসলিমরা এক সময় সারাবিশ্ব রাজত্ব করেছিল কিন্তু কালের গর্ভে মুসলিমদের সেই জৌলুস আজ আর নেই। এক সময় বড় বড় সভ্যতার আবির্ভাব হয়েছিল এ বিশ্বে কিন্তু সময়ের পরিবর্তনে সেগুলো আজ বিলীন হয়ে গেছে।

ক. সৈয়দ ওয়ালীউল্লাহর প্রথম গল্পগ্রন্থের নাম কী? ১

খ. হাশেম ও তার মায়ের মতবিরোধের কারণ কী? ২

গ. উদ্দীপকের ভাববস্তু 'বহিপীর' নাটকের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকটি 'বহিপীর' নাটকের আংশিক প্রতিচ্ছবি।' মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. 'মিনু জন্ম বোবা, সে কথা বলতে পারে না।'— মিনুর সাথে কার মিল রয়েছে?
ক সুহাসিনীর খ সুকেশিনীর
গ সুভাষিণীর ঘ সুভারাণীর

২. আমাদের পাঠ্যবিষয়ে আনন্দ না পাওয়ার কারণ কী?
ক পাঠ্যসূচিতে কঠিন ও অপ্রয়োজনীয় বিষয় অন্তর্ভুক্ত করা
খ শিক্ষার্থীর রুচি ও সামর্থ্যের ব্যাপারটিকে অগ্রাহ্য করা
গ সহজ পথে ডিগ্রি অর্জনের ব্যাপারে মনোযোগ দেওয়া
ঘ কর্মসংস্থানের সাথে পাঠ্যসূচির সমন্বয়ের অভাব

৩. 'Proletariat সাহিত্য' বলতে লেখক কোন ধরনের সাহিত্যকে বোঝাতে চেয়েছেন?
ক এক ধরনের রম্যরচনা
খ অবস্থাপন্ন পল্লিবাসীর জীবনকথা
গ নির্যাতিত শ্রমজীবীদের সাহিত্য
ঘ বিদেশি বিপ্লবী সাহিত্য

৪. দুর্গা কী ভেবে আবার বাড়ির বাইরে চলে গেল?
ক রড়া ফলের বিচি কুড়াবে বলে
খ আম কুড়াবে বলে
গ বাড়িতে ভালো লাগে না বলে
ঘ প্রকৃতির মধ্যে থাকতে চায় বলে

৫. 'নিমগাছ' গল্পের নিমগাছটির রূপকে কাকে বোঝানো হয়েছে?
ক প্রতিবাদী নারী খ কর্মজীবী নারী
গ নির্যাতিত নারী ঘ সর্বংসহা নারী

৬. যে বাঁশির সুরে জাতীয় চেতনার উদ্বোধন ঘটে তাকে কী বলে?
ক উদ্বোধনী বাঁশি খ জাগরণী বাঁশি
গ বোধন-বাঁশি ঘ মরমী বাঁশি

৭. লেখকের মতে, কোথায় মুক্তি নেই?
ক যেখানে অন্ন-বস্ত্রের স্বাধীনতা নেই
খ যেখানে আত্মপ্রকাশের স্বাধীনতা নেই
গ যেখানে উপার্জনের স্বাধীনতা নেই
ঘ যেখানে ক্ষুৎপিপাসার স্বাধীনতা নেই

৮. ডা. ফজলে রাব্বির সাথে শরীফের কোথায় দেখা হয়েছিল?
ক মেডিকেল কলেজে খ ফকিরের অফিসে
গ এলিফ্যান্ট রোডে ঘ শাহবাগ থানায়

৯. আধুনিক বাংলা নাট্যসাহিত্যের পথিকৃৎ কে?
ক মীর মশাররফ হোসেন খ দীনবন্ধু মিত্র
গ মধুসূদন দত্ত ঘ তারাচাঁদ শিকদার

১০. 'কপোতাক্ষ নদ' কবিতায় কে, কাকে বারিরূপ কর দেয়?
ক সাগর নদীকে খ নদী সাগরকে
গ প্রজা রাজাকে ঘ খাল নদীকে

১১. যা সংকল্প করা হয়েছে কবি তা কী করতে বলেছেন?
ক সম্মান খ সাধন
গ সমাপ্ত ঘ ভজন

১২. রাজার মুখ ও বক্ষ কীসে ভরে গেল?
ক সুগন্ধিতে খ আনন্দে
গ খুশিতে ঘ পথের ধুলায়

১৩. ভুখারি ফিরে যায় কেন?
ক পুরোহিত দরজা বন্ধ করায়
খ পুরোহিত বকাঝকা করায়
গ পুরোহিত ভাগাড়ে গিয়ে মরতে বলায়
ঘ পুরোহিত খাবার না দেওয়ায়

১৪. 'সেইদিন এই মাঠ' কবিতায় মূলত প্রাধান্য পেয়েছে—
i. সভ্যতা বিকাশ
ii. প্রকৃতির চিরন্তনতা
iii. মৃত্যুচেতনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. কে বিরহিণী পাখির বাচ্চা চুরি করেছে?
ক রুগ্ণ ছেলে খ করিম
গ আজিজ ঘ কৃষাণ ছেলেরা

১৬. 'আশা' কবিতায় বর্ণিত মানুষেরা মানুষকে কী করতে পারে?
ক দুঃখ দিতে পারে
খ আঘাত করতে পারে
গ ভালোবাসতে পারে
ঘ খাবার দিতে পারে

১৭. কার ক্লান্ত চোখে আঁধার নেমেছে?
ক কদম আলীর খ জমিলার মা'র
গ কবির নিজের ঘ আগন্তুকের

১৮. হানাদার কখন আসে বলে কবি উল্লেখ করেছেন?
ক মধ্যরাতে খ ভোরে
গ দিনের বেলায় ঘ যখন-তখন

১৯. লেখক আবদুর রহমানকে ভীমসেনের সাথে তুলনা করার কারণ—
i. রান্না-বান্না করা
ii. মুশকিল আসান করা
iii. নরদানব আকৃতি বিশিষ্ট হওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd24.com

২০. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কবির দৃঢ়বিশ্বাস—
i. বাঙালি একদিন দেশের স্বাধীনতাকে ছিনিয়ে আনবেই
ii. নতুন নিশান উড়িয়ে, বিজয় আসবেই
iii. অবুঝ শিশু হামাগুড়ি দিল পিতা-মাতার লাশের ওপর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

২১. গাঁয়ের লোকে বুধার কী নাম দিয়েছে?
ক মানিকরতন    খ কাকতাড়ুয়া
গ সোনাবাবা    ঘ হন্নছাড়া

২২. 'কথাটা যেন বিশ্বাস হতে চায় না'— এখানে কথাটা বলতে কী বলা হয়েছে?
ক বাড়ি থেকে কোনো মেয়ে পালাতে পারে এ কথা
খ হাতেম আলির জমিদারি চলে যাওয়ার সম্ভাব্যতার কথা
গ বজরার সাথে পীর সাহেবের নৌকার ধাক্কা লাগার কথা
ঘ বহিপীর আর তাহেরার বিয়ের কথা

২৩. বার্তাবাহককে কেমন হতে হয়?
ক একপাক্ষিক    খ দ্বিপাক্ষিক
গ নিরপেক্ষ    ঘ পক্ষপাতদুষ্ট

২৪. হাশেমের চোখে কান্না এলো কার কথা ভেবে?
ক হাতেমের    খ খোদেজার
গ বহিপীরের    ঘ তাহেরার

নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:
পয়লা বৈশাখে প্রাণের উচ্ছ্বাসে মেতে ওঠে বাঙালি। দেশের সর্বত্র নানারকম অনুষ্ঠানের আয়োজন করা হয়। শ্রেণি ও সম্প্রদায়গত বৈষম্য ভুলে এ মহোৎসবে অংশ নেয় সবাই। বর্তমানে ব্যান্ড শো, ফ্যাশন শো ইত্যাদির মতো আধুনিক অনুষঙ্গও যুক্ত হয়েছে।

২৫. উপরিউক্ত উদ্দীপক ও 'পয়লা বৈশাখ' প্রবন্ধের আলোকে পয়লা বৈশাখকে বলা যায়—
i. নববর্ষের অনুষ্ঠান সার্বজনীন
ii. পয়লা বৈশাখ বাঙালির অন্যতম জাতীয় উৎসব
iii. পয়লা বৈশাখ পুরোপুরি গ্রামকেন্দ্রিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

২৬. প্রবন্ধের আলোকে ব্যান্ড শো, ফ্যাশন শো ইত্যাদি—
ক শভিনিস্টিক    খ বুর্জোয়া শখ
গ পয়লা বৈশাখকে গৌরবমণ্ডিত করেছে
ঘ পয়লা বৈশাখের অনুষ্ঠানের অন্যতম অনুষঙ্গ

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও।
'মুজিব মানে আর কিছু নয়
মুজিব মানে শক্তি
গর্বিত শির বীর বাঙালির
চিরকালের ভক্তি।'

২৭. উদ্দীপকের চরণগুলোর সঙ্গে নিচের কোন কোন কবিতার বিষয়বস্তুর মিল রয়েছে?
ক স্বাধীনতা তুমি
খ স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো
গ শহীদ স্মরণে
ঘ মাগো ওরা বলে

২৮. উক্ত কবিতায় মুজিবকে কী বলে আখ্যায়িত করা হয়েছে?
ক পিতা    খ নেতা
গ শিল্পী    ঘ কবি

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
এতিম রফিক গাঁ ছেড়ে যেদিন মুক্তিযুদ্ধে চলে যায় সেদিন তার চাচাতো বোন স্নিগ্ধা কাঁদতে কাঁদতে ওর পিছু পিছু এসেছিল। স্নিগ্ধা ওর সাথে চিরদিনের জন্য থাকতে চেয়েছিল। রফিকও স্নিগ্ধার প্রতি কিছুটা দুর্বল হয়ে পড়েছিল। কিন্তু দেশ যাকে টানে সেকি আর অন্যকোনো টানে বাঁধা পড়ে ...।

২৯. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ভাবটি ফুটে উঠেছে?
ক প্রিয়জনের প্রতি টান দেশের চেয়ে বড় নয়
খ এতিমরা স্বভাবতই কঠোর হয়
গ চাচাতো ভাইবোনের সম্পর্ক চিরস্থায়ী হয় না
ঘ কুন্তি অন্তর্মুখী স্বভাবের

৩০. এই সাদৃশ্যটুকু দেখা যায় নিচের যে চরণ তা হলো—
i. কুন্তির কান্নাভেজা কণ্ঠস্বর শুনে ওর চোখ থেকে লাল আভা মুছে যায়
ii. ও বুঝতে পারে ওর বুকের ভেতরটায় জখম হয়েছে
iii. ক্ষত থেকে রক্ত পড়ছে। কুন্তি না হয়ে অন্য কেউ হলে এমন হতো না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com